

প্রথম আলো

তারিখ ... 04.02.2005 ...  
পৃষ্ঠা : 9 ... সপ্তাহ : 2 ...

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

## এক প্রশ্নে দুই পালায় পরীক্ষা নেওয়ার অভিযোগ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে গতকাল শনিবার ফার্মেসি বিভাগের ভর্তি পরীক্ষায় একই প্রশ্ন দিয়ে দুবার পরীক্ষা নেওয়ার অভিযোগ উঠেছে।

জানা গেছে, গতকাল সকাল সাড়ে ৯টা থেকে সাড়ে ১০টা পর্যন্ত ফার্মেসি বিভাগের প্রথম পালার ভর্তি পরীক্ষা হয়। কেন্দ্র ১১টায় একই প্রশ্নপত্র দিয়ে দ্বিতীয় পালার পরীক্ষা নেওয়া হয়েছে। দ্বিতীয় পালার প্রশ্নপত্রে স্বাক্ষরের সময় একাধিক শিক্ষক বুঝতে পারেন, প্রথম পালার প্রশ্নপত্রে দিয়েই পরীক্ষা নেওয়া হচ্ছে।

তারা তখন এ ব্যাপারে আপত্তি জানালে ভর্তি পরীক্ষার আঞ্চলিক সমন্বয়কারী ড. নাজমুল আলম দুটি লিখিত অফিস আদেশে বলেন, প্রশ্নপত্রের সংখ্যা কম থাকলে উচ্চিদ বিজ্ঞান বিভাগের ৩ ও ৪ নম্বর কক্ষে প্রথম পালার ই এবং এফ কেটের প্রথম দ্বিতীয় পালার পরবর্তী করা হলো।

একাধিক শিক্ষক নাম প্রকাশ না করার শর্তে বলেন, এক পালার প্রশ্নপত্র দিয়ে অন্য পালায় পরীক্ষা নেওয়ার প্রক্রিয়াটি অবশ্যই অনিয়ম। প্রশ্নপত্র কম পাওয়া যাবে কেন, নিশ্চয়ই বিশেষ কিছু শিক্ষার্থীকে ভর্তির জন্য এভাবে পরীক্ষা নেওয়া হচ্ছে।

দুটি কক্ষে একই প্রশ্ন-দুবার পরীক্ষা নেওয়ার তথ্য জানা গেলেও সুব কক্ষেই এমন

ঘটনা ঘটেছে পারে বলে তারা দাবি করেন।  
দ্বীপ বিজ্ঞান অনুষদ ভবনের আঞ্চলিক সমন্বয়কারী ড. নাজমুল আলম বলেছেন, এটা অসম্ভব দেখার বিষয় নয়, সংশ্লিষ্ট বিভাগকে জিজ্ঞাসন করুন। ফার্মেসি বিভাগের প্রথম কক্ষের ভর্তি পরীক্ষা কমিটির সভাপতি তাসমিনা রহমানের সঙ্গে যোগাযোগের চেষ্টা করেও তাকে পাওয়া যায়নি।